# এসো জানি নবীর বাণী

আবদুস শহীদ নাসিম

# এসো জানি
# নবীর বাণী

আবদুস শহীদ নাসিম

বর্ণালি বুক সেন্টার-বিবিসি
BORNALI BOOK CENTER-BBC

www.pathagar.com

# এসো জানি নবীর বাণী

আবদুস শহীদ নাসিম

© Author

ISBN: 984-645-027-1
BBCP: 13

**প্রকাশক**

বর্ণালি বুক সেন্টার-বিবিসি

ঢাকা, বাংলাদেশ

মোবাইল: ০১৭৪৫২৮২৩৮৬, ০১৭৫৩৪২২২৯৬

**প্রকাশকাল**

১০ম মুদ্রণ: নভেম্বর ২০১৭

১ম মুদ্রণ : আগস্ট ১৯৯৬

**Book**
ESHO JANI NABIR BANI

**Author**
Abdus Shaheed Naseem

**Publisher**
Bornali Book Center-BBC
Contact: 01745282386, 01753422296

**Print**
10th print: November 2017
1st print : August 1996

---

**দাম : ৪০.০০ টাকা মাত্র**

**Price: Tk. 40.00 Only**

www.pathagar.com

# সূচীপত্র


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| আল্লাহ্ | ৮ |
| আল্লাহ্র অধিকার | ৮ |
| ঈমান | ৯ |
| ঈমান থাকার লক্ষণ | ৯ |
| ইসলাম | ১০ |
| পবিত্রতা | ১০ |
| সালাত | ১০ |
| সাওম | ১২ |
| হজ্জ ও উমরা | ১২ |
| আল্লাহ্র পথে জিহাদ | ১২ |
| জ্ঞানার্জন | ১৩ |
| আল কুরআন | ১৩ |
| রসূল ও সুন্নাহ | ১৪ |
| নিয়্যত | ১৫ |
| নৈতিক চরিত্র | ১৬ |
| দীন | ১৭ |
| আল্লাহ্র ভয় | ১৭ |
| শ্রেষ্ঠ আমল | ১৮ |
| বিশ্বস্ততা | ১৮ |
| দুনিয়ার জীবন | ১৯ |
| মসজিদ | ১৯ |
| মুয়াজ্জিন | ১৯ |
| নিজের জন্যে পরের জন্যে | ২০ |
| আল্লাহ্ই যথেষ্ট | ২০ |


www.pathagar.com

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| ❑ জ্ঞানী | ২০ |
| ❑ শিক্ষক | ২১ |
| ❑ সুধারণা কুধারণা | ২১ |
| ❑ যুল্‌ম | ২১ |
| ❑ ভ্রাতৃত্ব | ২২ |
| ❑ ভ্রাতৃত্বের দায়িত্ব | ২২ |
| ❑ সুকৃতি দুষ্কৃতি | ২৩ |
| ❑ বিনয় | ২৩ |
| ❑ বিশ্বাস ভংগ করা | ২৩ |
| ❑ আনুগত্য ও নেতৃত্ব | ২৩ |
| ❑ দান | ২৪ |
| ❑ ভালো ব্যবহার | ২৪ |
| ❑ অর্থ ও আল্লাহ্ ভীতি | ২৫ |
| ❑ সত্য মিথ্যা | ২৫ |
| ❑ প্রফুল্লতা | ২৫ |
| ❑ ক্ষতিগ্রস্ত লোক | ২৬ |
| ❑ ভালো মানুষ | ২৬ |
| ❑ খাবার আদব | ২৬ |
| ❑ মেহ্‌মানদারি | ২৬ |
| ❑ ভালো কাজ | ২৭ |
| ❑ মুসলমানের অধিকার | ২৭ |
| ❑ মুহাজির | ২৮ |
| ❑ শোকর ও সবর | ২৮ |
| ❑ ধোকা হিংসা বিদ্বেষ | ২৮ |
| ❑ শিশু | ২৯ |
| ❑ পরিজনের কাছে উত্তম | ২৯ |

www.pathagar.com

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| ❑ জনসেবা | ২৯ |
| ❑ ব্যক্তিত্ব গঠন | ৩০ |
| ❑ আল্লাহকে স্মরণ করা | ৩০ |
| ❑ সত্য কথা | ৩০ |
| ❑ কর্মকৌশল | ৩১ |
| ❑ নিন্দুক | ৩১ |
| ❑ রাগ | ৩১ |
| ❑ অহংকার | ৩১ |
| ❑ সালাম | ৩১ |
| ❑ দয়া ও ভালোবাসা | ৩২ |
| ❑ শরীরের অধিকার | ৩২ |
| ❑ প্রতিবেশীর অধিকার | ৩২ |
| ❑ প্রাচুর্য | ৩৩ |
| ❑ জান্নাত ও জাহান্নাম | ৩৩ |
| ❑ মনের মরিচিকা | ৩৪ |
| ❑ অধীনস্থ | ৩৪ |
| ❑ মৃতদের গালি না দেয়া | ৩৪ |
| ❑ উড়ো কথা প্রচার না করা | ৩৪ |
| ❑ মর্যাদা দান | ৩৫ |
| ❑ সতর্কতা | ৩৫ |
| ❑ অট্টহাসি | ৩৫ |
| ❑ সন্তান | ৩৫ |
| ❑ শক্তিমান কে? | ৩৫ |
| ❑ অধঃপতন | ৩৬ |
| ❑ শাসক হবে তেমন | ৩৬ |
| ❑ অপরের দোষ | ৩৬ |

www.pathagar.com

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| ❑ আল্লাহর বিধান পালন | ৩৬ |
| ❑ সৌভাগ্য | ৩৬ |
| ❑ কি নিয়ে উঠবে? | ৩৭ |
| ❑ নেতা | ৩৭ |
| ❑ জামাতবদ্ধতা | ৩৭ |
| ❑ মতভেদ | ৩৮ |
| ❑ আল্লাহর প্রিয় ব্যক্তি | ৩৮ |
| ❑ রসূলুল্লাহ্ সাঃ | ৩৮ |
| ❑ সাহাবায়ে কিরাম | ৪০ |
| ❑ আবু বকর রাঃ | ৪০ |
| ❑ উমর রাঃ | ৪১ |
| ❑ শ্রেষ্ঠ নারী | ৪১ |
| ❑ দু'আর নিয়ম ও গুরুত্ব | ৪২ |
| ❑ তাওবা | ৪৩ |
| ❑ রসূলুল্লাহ্র কতিপয় দু'আ | ৪৩ |
| ❑ জীবন পথের আলো | ৪৫ |
| ❑ সঠিক পথে চলো | ৪৮ |

www.pathagar.com

বিসমিল্লাহির রাহ্‌মানির রাহীম

# এসো জানি নবীর বাণী

হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর সর্বশেষ নবী। দুনিয়াতে যারা তাঁর দেখানো পথে চলবে, পরকালে তারাই জান্নাতে যাবে। তারাই জাহান্নাম থেকে মুক্তি পাবে।

আমরা তাঁর উম্মত বা অনুসারী দল। আমরা তাঁর দেখানো পথে চলি। সঠিক পথ পাবার জন্যে তিনি আমাদের কাছে দুটি জিনিস রেখে গেছেন। একটি হলো আল্লাহর কুরআন। আর অপরটি হলো তাঁর সুন্নত বা সুন্নাহ।

নবীর সুন্নাহ সম্পর্কে জানা যায় হাদীস থেকে। হাদীসের অনেকগুলো বড় বড় গ্রন্থ আছে।

নবীর বাণীকে হাদীস বলে।

নবীর কাজ কর্ম এবং চরিত্রের বর্ণনাকেও হাদীস বলে।

নবীর সমর্থন এবং আদেশ নিষেধের বর্ণনাকেও হাদীস বলে।

ইসলামের সত্য ও সঠিক পথকে জানবার জন্যে আমাদেরকে আল্লাহর বাণী কুরআন মজীদকে বুঝতে হবে এবং মানতে হবে।

ঠিক তেমনি আমাদেরকে মহানবী হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর বাণী হাদীস পড়তে হবে এবং সে অনুযায়ী চলতে হবে।

তবেই মহান আল্লাহ খুশী হবেন আমাদের প্রতি। আমরা হতে পারবো সত্যিকার মুসলিম।

সে জন্যেই আমরা এখানে সংকলন করেছি প্রিয় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর অনেকগুলো হাদীস। এসো আমরা সবাই প্রিয় নবীর এই বাণীগুলো পড়ি এবং মেনে চলি।

www.pathagar.com

## আল্লাহ

مَفَاتِيْحُ الْجَنَّةِ شَهَادَةُ اَنْ لَّا اِلٰهَ اِلَّا اللّٰهُ ـ

১. জান্নাতের চাবি হলো- 'আল্লাহ ছাড়া কোনো ইলাহ্ নাই'-এ সাক্ষ্য দেয়া। [আহমদ]

শব্দার্থঃ 'ইলাহ' মানে- হুকুমকর্তা, আইনদাতা, আশ্রয়দাতা, ত্রাণকর্তা, উপাস্য, প্রার্থনা শ্রবণকারী।

اِنَّ اللّٰهَ جَمِيْلٌ وَ يُحِبُّ الْجَمَالَ ـ

২. আল্লাহ সুন্দর! আর তিনি সৌন্দর্যকেই পছন্দ করেন। [সহীহ্ মুসলিম]

اَفْضَلُ الْكَلَامِ اَرْبَعٌ: سُبْحَانَ اللّٰهِ وَ الْحَمْدُ لِلّٰهِ وَلَا اِلٰهَ اِلَّا اللّٰهُ وَاللّٰهُ اَكْبَرُ ـ

৩. শ্রেষ্ঠ কথা চারটিঃ

১. সুবহানাল্লাহ্- আল্লাহ পবিত্র,
২. আল হামদুলিল্লাহ্- সমস্ত প্রশংসা আল্লাহর,
৩. লা-ইলাহা ইল্লাল্লাহ্- আল্লাহ ছাড়া কোনো ইলাহ্ নাই,
৪. আল্লাহু আকবর- আল্লাহ মহান। [সহীহ্ মুসলিম]

## আল্লাহ্র অধিকার

فَاِنَّ حَقَّ اللّٰهِ عَلَى الْعِبَادِ اَنْ يَعْبُدُوْهُ وَلَا يُشْرِكُوْا بِهٖ شَيْئًا ـ

www.pathagar.com

৪. বান্দাহ্‌র উপর আল্লাহ্‌র অধিকার হলো, তারা কেবল তাঁরই আনুগত্য ও দাসত্ব করবে এবং তাঁর সাথে কোনো অংশীদার বানাবেনা। [সহীহ্ বুখারী]

## ঈমান

قُلْ اٰمَنْتُ بِاللّٰهِ ثُمَّ اسْتَقِمْ -

৫. বলোঃ 'আমি আল্লাহর প্রতি ঈমান এনেছি'; অতপর এ কথার উপর অটল থাকো। [সহীহ্ মুসলিম]

لَا تَدْخُلُوا الْجَنَّةَ حَتّٰى تُؤْمِنُوْا -

৬. ঈমান না এনে তোমরা জান্নাতে প্রবেশ করতে পারবেনা। [তারগীব]

مَا مِنْ اَحَدٍ يَشْهَدُ اَنْ لَّا اِلٰهَ اِلَّا اللّٰهُ وَاَنَّ مُحَمَّدً رَّسُوْلَ اللّٰهِ اِلَّا حَرَّمَهُ اللّٰهُ عَلَى النَّارِ -

৭ যে কেউ এই ঘোষণা দেবেঃ 'আল্লাহ ছাড়া কোনো ইলাহ্ নাই আর মুহাম্মদ সাঃ আল্লাহর রসূল' - আল্লাহ্ তাকে জাহান্নামের জন্যে নিষিদ্ধ করে দেবেন। [সহীহ্ বুখারী]

## ঈমান থাকার লক্ষণ

اِذَا سَرَّتْكَ حَسَنَتُكَ وَسَاءَتْكَ سَيِّئَتُكَ فَاَنْتَ مُؤْمِنٌ -

৮. তুমি মুমিন হবে তখন, যখন তোমার ভালো কাজ তোমাকে আনন্দ দেবে, আর মন্দ কাজ দেবে মনোকষ্ট। [আহমদ]

www.pathagar.com

## ইসলাম

رَأْسُ الْأَمْرِ الْإِسْلَامُ -

৯. সব কাজের আসল কাজ হলো 'ইসলাম'। [আহমদ]

لَا يُسْلِمُ عَبْدٌ حَتّٰى يُسْلِمَ قَلْبُهُ وَلِسَانُهُ -

১০. কোনো বান্দাহ্ ততোক্ষণ পর্যন্ত মুসলিম হয়না, যতোক্ষণ তার মন ও যবান মুসলিম না হয়। [তারগীব]

## পবিত্রতা

اَلطُّهُوْرُ شَطْرُ الْإِيْمَانِ -

১১. পবিত্রতা ঈমানের অর্ধেক। [সহীহ্ মুসলিম]

وَمَنْ يَّسْتَعْفِفْ يُعِفَّهُ اللّٰهُ -

১২. যে পূত পবিত্র থাকতে চায়, আল্লাহ্ তাকে পূত পবিত্র রাখেন। [সহীহ্ বুখারী]

## সালাত

مِفْتَاحُ الْجَنَّةِ الصَّلٰوةُ -

১৩. সালাত জান্নাতের চাবি। [আহমদ]

শব্দার্থঃ সালাত-নামায। জান্নাত-বেহেশ্‌ত।

اَلصَّلٰوةُ نُوْرٌ -

১৪. সালাত হলো 'নূর'। [সহীহ্ মুসলিম]

www.pathagar.com

قُرَّةُ عَيْنِىْ اَلصَّلٰوةُ -

১৫. সালাত আমার চক্ষু শীতলকারী। [নাসায়ী]

مِفْتَاحُ الصَّلٰوةِ اَلطُّهُوْرُ -

১৬. পবিত্রতা সালাতের চাবি। [আহমদ]

مَنْ حَافَظَ الصَّلوةَ كَانَتْ لَهُ نُوْرًا وَّبُرْهَانًا وَّنَجَاةً يَوْمَ الْقِيَامَةِ •

১৭. যে কেউ সালাতের হেফাযত করবে, কিয়ামতের দিন তার জন্যে সালাত হবে নূর, (মুসলিম হবার) প্রমাণ এবং মুক্তির উপায়। (আহমদ, দারেমি, বায়হাকি)

مَنْ لَّمْ يُزَكِّ فَلاَ صَلٰوةَ لَهُ -

১৮. যে পরিশুদ্ধ হয়না, তার সালাত হয়না। [মিশকাত]

مُرُوْا اَوْلاَدَكُمْ بِالصَّلٰوةِ وَهُمْ اَبْنَاءُ سَبْعِ سِنِيْنَ -

১৯. সাত বছর বয়স হলেই তোমাদের সন্তানদের সালাত আদায় করতে আদেশ করো। [আবু দাউদ]

اَوَّلُ مَا يُحَاسَبُ يَوْمَ الْقِيَامَةِ الصَّلٰوةُ -

২০. কিয়ামতের দিন পয়লা হিসাব নেয়া হবে সালাতের। [তাবরানি]

بَيْنَ الْعَبْدِ وَبَيْنَ الْكُفْرِ تَرْكُ الصَّلٰوةِ -

২১. আল্লাহর অনুগত দাস আর কুফরীর মাঝে মিলন সেতু হলো সালাত ত্যাগ করা। [সহীহ মুসলিম]

مَنْ صَلّٰى يُرَائِىْ فَقَدْ اَشْرَكَ -

২২. যে ব্যক্তি লোক দেখাবার জন্যে সালাত পড়লো, সে শিরক করলো। [আহমদ]

www.pathagar.com

## সাওম

اَلصَّوْمُ جُنَّةٌ ـ

২৩. সাওম একটি ঢাল। [মিশকাত]

শব্দার্থঃ সাওম-রোযা।

اَلصِّيَامُ وَالْقُرْاٰنُ يُشْفِعَانِ لِلْعَبْدِ ـ

২৪. সাওম এবং কুরআন বান্দার জন্যে সুপারিশ করবে। [বায়হাকী]

اِذَا دَخَلَ رَمَضَانَ فُتِحَتْ اَبْوَابُ الرَّحْمَةِ ـ

২৫. যখন রমযান শুরু হয়, তখন রহমতের দুয়ার খুলে দেয়া হয়। [সহীহ বুখারী]

اَتَاكُمْ رَمَضَانَ شَهْرٌ مُّبَارَكٌ فَرَضَ اللّٰهُ عَلَيْكُمْ صِيَامَهٗ ـ

২৬. তোমাদের মাঝে বরকতময় রমযান মাস এসেছে। আল্লাহ্ তোমাদের উপর এ মাসের সিয়াম সাধনা ফরয করে দিয়েছেন। [নাসায়ী]

## হজ্জ ও উমরা

اَلْحُجَّاجُ وَالْعُمَّارُ وَفْدُ اللّٰهِ ـ

২৭. হজ্জ ও উমরা পালনকারীরা আল্লাহর মেহমান। [মিশকাত]

## আল্লাহর পথে জিহাদ

لَغُدْوَةٌ فِىْ سَبِيْلِ اللّٰهِ اَوْرَوْحَةٌ خَيْرٌ مِّنَ الدُّنْيَا وَمَا فِيْهَا ـ

www.pathagar.com

২৮. আল্লাহর পথে একটি সকাল কিংবা একটি সন্ধ্যা ব্যয় করা গোটা পৃথিবী এবং পৃথিবীর সমস্ত সম্পদের চেয়ে উত্তম। (সহীহ বুখারী)

مَنْ قَاتَلَ لِتَكُوْنَ كَلِمَةُ اللّٰهِ هِيَ الْعُلْيَا فَهُوَ فِيْ سَبِيْلِ اللّٰهِ -

২৯. যে লড়ে যায় আল্লাহর বাণীকে বিজয়ী করার জন্যে সেই আল্লাহর পথে (জিহাদ করে)। [সহীহ বুখারী]

اَفْضَلُ الْجِهَادِ كَلِمَةُ حَقٍّ عِنْدَ سُلْطَانٍ جَائِرٍ -

৩০. অত্যাচারী শাসকের সামনে সত্য কথা বলা সবচেয়ে বড় জিহাদ। [তিরমিযী]

## জ্ঞানার্জন

تَدَارُسُ الْعِلْمِ سَاعَةً مِّنَ اللَّيْلِ خَيْرٌ مِّنْ اِحْيَائِهَا -

৩১. রাত্রে ঘন্টাখানেক জ্ঞান চর্চা করা সারা রাত জেগে (ইবাদতে নিরত) থাকার চেয়ে উত্তম। [দারমী]

مَنْ خَرَجَ فِيْ طَلَبِ الْعِلْمِ فَهُوَ فِيْ سَبِيْلِ اللّٰهِ -

৩২. যে জ্ঞানের সন্ধানে বের হয়, সে আল্লাহর পথে বের হয়। [তিরমিযী]

اَجْوَدُ مِّنْ بَعْدِيْ رَجُلٌ عَلِمَ عِلْمًا فَنَشَرَهٗ -

৩৩. আমার পরে সবচেয়ে বড় দানশীল সে, যে কোনো বিষয়ে জ্ঞান লাভ করলো, অতপর তা ছড়িয়ে দিলো। [বায়হাকী]

## আল কুরআন

اِنَّ خَيْرَ الْحَدِيْثِ كِتَابُ اللّٰهِ -

www.pathagar.com

৩৪. সর্বোত্তম বাণী আল্লাহ্‌র কিতাব। [সহীহ্ মুসলিম]

تَمَسَّكُوْا بِالْقُرْاٰنِ فَاِنَّكُمْ لَنْ تَضِلُّوْا -

৩৫. কুরআনকে আঁকড়ে ধরো, তাহলে কখনো বিপথগামী হবেনা। [মিশকাত]

اَهْلُ الْقُرْاٰنِ هُمْ اَهْلُ اللّٰهِ وَخَاصَّتُهٗ -

৩৬. কুরআন পরিবারের লোকেরা আল্লাহ্‌র পরিবার এবং তাঁর বিশেষ লোক। [নাসায়ী]

عَلَيْكُمْ بِكِتَابِ اللّٰهِ اَحَلُّوْا حَلَالَهٗ وَحَرِّمُوْا حَرَامَهٗ -

৩৭. তোমরা আল্লাহ্‌র কিতাবকে আঁকড়ে ধরো। এর হালালকে হালাল বলে গ্রহণ করো এবং এর হারামকে হারাম বলে বর্জন করো। [হাকিম]

مَنِ اقْتَدٰى بِكِتَابِ اللّٰهِ لَا يَضِلُّ فِى الدُّنْيَا وَلَا يَشْقٰى فِى الْاٰخِرَةِ -

৩৮. যে আল্লাহ্‌র কিতাবের পথ ধরে সে দুনিয়াতে বিপথগামী হয়না এবং পরকালে হয়না দুর্ভাগা। [মিশকাত]

اَشْرَافُ اُمَّتِىْ حَمَلَةُ الْقُرْاٰنِ وَاَصْحَابُ اللَّيْلِ -

৩৯. আমার উম্মতের সম্মানিত লোক হলো কুরআনের বাহক আর রাতের সাথীরা। [বায়হাকী]

## রসূল ও সুন্নাহ্

خَيْرُ الْهَدْىِ هَدْىُ مُحَمَّدٍ -

৪০. সর্বোত্তম জীবন পদ্ধতি হচ্ছে মুহাম্মদ সাঃ প্রদর্শিত জীবন পদ্ধতি। [সহীহ্ মুসলিম]

www.pathagar.com

مَنْ اَطَاعَنِىْ فَقَدْ اَطَعَ اللّٰهَ -

৪১. যে আমার আনুগত্য করলো সে আল্লাহ্‌র আনুগত্য করলো। [সহীহ্ বুখারী]

مَنْ عَصَانِىْ فَقَدْ عَصَى اللّٰهَ -

৪২. যে আমাকে অমান্য করলো সে আল্লাহ্‌কে অমান্য করলো। [সহীহ্ বুখারী]

مَنْ اَحَبَّ سُنَّتِىْ فَقَدْ اَحَبَّنِىْ -

৪৩. যে আমার সুন্নতকে ভালোবাসলো সে আমাকে ভালোবাসলো। [সহীহ্ মুসলিম]

مَنْ رَغِبَ عَنْ سُنَّتِىْ فَلَيْسَ مِنِّىْ -

৪৪. যে আমার সুন্নত থেকে বিমুখ হলো, সে আমার লোক নয়। [সহীহ্ মুসলিম]

اِنِّىْ عِنْدَ اللّٰهِ مَكْتُوْبٌ خَاتَمَ النَّبِيِّنَ -

৪৫. আমি আল্লাহ্‌র কাছে শেষ নবী হিসেবে লিখিত আছি। [শরহে সুন্নাহ্]

## নিয়্যত

اِنَّمَا الْاَعْمَالُ بِالنِّيَّاتِ -

৪৬. কাজ নির্ভর করে নিয়্যতের উপর। [সহীহ্ বুখারী]

নোট ঃ নিয়্যত মানে- উদ্দেশ্য, সংকল্প, ইচ্ছা, কোনো নির্দিষ্ট কাজ করার সিদ্ধান্ত নেয়া।

'কাজ নির্ভর করে নিয়্যতের উপর' মানে কাজের পেছনে মানুষের যে উদ্দেশ্য, সংকল্প বা সিদ্ধান্ত থাকে, তার ভিত্তিতেই সে ফল ও পুরস্কার লাভ করবে।

www.pathagar.com

إِنَّمَا لِامْرِءٍ مَّا نَوٰى -

৪৭. প্রত্যেক ব্যক্তি তার কাজের সেই ফলই পাবে, যা সে নিয়্যত করেছে। [সহীহ্ বুখারী]

إِنَّ اللّٰهَ لَا يَنْظُرُ إِلٰى صُوَرِكُمْ وَأَمْوَالِكُمْ وَلٰكِنْ يَّنْظُرُ إِلٰى قُلُوْبِكُمْ وَأَعْمَالِكُمْ -

৪৮. আল্লাহ্ তোমাদের চেহারা সুরত ও ধনসম্পদ দেখবেননা, তিনি দেখবেন তোমাদের অন্তর ও কাজ। [সহীহ্ মুসলিম]

**নোট ঃ এখানে অন্তর মানে- উদ্দেশ্য ও লক্ষ্য বা নিয়্যত।**

এই তিনটি হাদীস থেকে আমরা মানব জীবনে উদ্দেশ্য ও লক্ষ্য বা নিয়্যতের গুরুত্ব জানতে পারলাম। সুতরাং আল্লাহর সন্তুষ্টি লাভের উদ্দেশ্যেই যাবতীয় কাজ করা উচিত।

## নৈতিক চরিত্র

بُعِثْتُ لِأُتَمِّمَ مَكَارِمَ الْأَخْلَاقِ -

৪৯. মহত চরিত্রের পূর্ণতা দানের জন্যে আমার আগমন। [মুআত্তায়ে মালিক]

শব্দার্থঃ 'আখলাকুন' ও 'খুলুকুন' মানে- নৈতিক চরিত্র, ব্যবহার, আচার আচরণ।

لَا حَسَبَ كَحُسْنِ الْخُلُقِ -

৫০. উত্তম চরিত্রের চাইতে বড় মর্যাদা আর নেই। [ইবনে হিব্বান]

أَكْمَلُ الْمُؤْمِنِيْنَ إِيْمَانًا أَحْسَنُهُمْ خُلُقًا -

৫১. ঈমানের পূর্ণতা লাভকারী মুমিন তারা, যাদের নৈতিক চরিত্র সর্বোত্তম। [মিশকাত]

www.pathagar.com

إِنَّ مِنْ خِيَارِكُمْ أَحْسَنَكُمْ أَخْلَاقًا -

৫২. তোমাদের মধ্যে সবচেয়ে ভালো মানুষ তারা, যাদের আচার ব্যবহার সবচেয়ে ভালো। [সহীহ্ বুখারী]

كَانَ خُلُقُ نَبِيِّ اللّٰهِ الْقُرْاٰنُ -

৫৩. আল্লাহর নবীর চরিত্র ছিলো ঠিক কুরআনের মতো। [আয়েশা রাঃ সহীহ্ মুসলিম]

## দীন

اَلدِّيْنُ يُسْرٌ -

৫৪. দীন খুব সহজ। [সহীহ্ বুখারী]

ব্যাখ্যা ঃ দীন মানে- জীবন যাপন পদ্ধতি।

এখানে দীন মানে- দীন ইসলাম। অর্থাৎ ইসলামের জীবন যাপন পদ্ধতি খুব সহজ।

اَلدِّيْنُ اَلنَّصِيْحَةُ -

৫৫. দীন হলো- কল্যাণ কামনা। [সহীহ্ মুসলিম]

নোট ঃ দীন ইসলামের মূল কথা হলো, নিজের এবং সকল মানুষের দুনিয়াবী ও পরকালীন কল্যাণ চাওয়া।

مَنْ يُرِدِ اللّٰهُ بِهٖ خَيْرًا يُفَقِّهْهُ فِى الدِّيْنِ -

৫৬. আল্লাহ্ যার ভালো চান, তাকে দীনের সঠিক জ্ঞান দান করেন। [সহীহ্ বুখারী]

## আল্লাহর ভয়

رَأْسُ الْحِكْمَةِ مَخَافَةُ اللّٰهِ -

www.pathagar.com

৫৭. জ্ঞানের মাথা হলো আল্লাহকে ভয় করা। [মিশকাত]

ব্যাখ্যা ঃ অর্থাৎ যে আল্লাহকে ভয় করে সে-ই সবচেয়ে বড় জ্ঞানী।

اِتَّقِ اللّٰهَ تَكُنْ اَعْبُدِ النَّاسِ ـ

৫৮. আল্লাহকে ভয় করো, তাতেই সবচেয়ে বড় ইবাদতকারী হতে পারবে। [মিশকাত]

لَا فَضْلَ لِاَحَدٍ عَلٰى اَحَدٍ اِلَّا بِالتَّقْوٰى ـ

৫৯. একজনের উপর আরেকজনের কোনো মর্যাদা নেই। তবে আছে আল্লাহ-ভীতির ভিত্তিতে। [তিবরানী]

لَا يَلِجُ النَّارَ مَنْ بَكٰى فِىْ خَشْيَةِ اللّٰهِ ـ

৬০. সে ব্যক্তি দোযখে প্রবেশ করবেনা, যে আল্লাহর ভয়ে কাঁদে। [তিরমিযী]

## শ্রেষ্ঠ আমল

اَفْضَلُ الْاَعْمَالِ اَلْحُبُّ فِى اللّٰهِ وَالْبُغْضُ فِى اللّٰهِ ـ

৬১. শ্রেষ্ঠ আমল হলো, আল্লাহর জন্যে ভালোবাসা এবং আল্লাহর জন্যে ঘৃণা করা। [আবু দাউদ]

## বিশ্বস্ততা

لَا اِيْمَانَ لِمَنْ لَّا اَمَانَةَ لَهٗ ـ

৬২. যার মধ্যে আমানত নেই তার ঈমান নেই। [মিশকাত]

শব্দার্থঃ আমানত মানে- বিশ্বস্ততা, বিশ্বাসযোগ্যতা।

لَا دِيْنَ لِمَنْ لَّا عَهْدَ لَهٗ ـ

৬৩. যে অংগীকার রক্ষা করেনা, তার ধর্ম নেই। [মিশকাত]

www.pathagar.com

## দুনিয়ার জীবন

اَلدُّنْيَا سِجْنُ لِلْمُؤْمِنِ وَجَنَّتُ الْكَافِرِ -

৬৪. দুনিয়া মুমিনের জন্যে কারাগার আর কাফিরের বেহেশ্‌ত। [সহীহ্ মুসলিম]

كُنْ فِى الدُّنْيَا كَاَنَّكَ غَرِيْبٌ اَوْ عَابِرُ سَبِيْلٍ -

৬৫. দুনিয়াতে এমনভাবে জীবন যপন করো যেনো তুমি একজন গরীব কিংবা পথিক। [সহীহ্ বুখারী]

اِنَّ الْبَذَاذَةَ مِنَ الْاِيْمَانِ -

৬৬. অনাড়ম্বর জীবন যাপন ঈমানের অংশ। [আবু দাউদ]

## মসজিদ

اَحَبُّ الْبِلَادِ اِلَى اللّٰهِ مَسَاجِدُهَا -

৬৭. পৃথিবীতে মসজিদগুলোই আল্লাহ্‌র সবচাইতে প্রিয় জায়গা। [সহীহ্ মুসলিম]

جُعِلَتْ لِى الْاَرْضُ مَسَاجِدًا وَطُهُوْرًا -

৬৮. আমার জন্যে গোটা পৃথিবীকেই সিজদার জায়গা এবং পবিত্র করে দেয়া হয়েছে। [সহীহ্ মুসলিম]

مَنْ بَنٰى لِلّٰهِ مَسْجِدًا بَنَى اللّٰهُ لَهٗ بَيْتًا فِى الْجَنَّةِ -

৬৯. যে আল্লাহ্‌র উদ্দেশ্যে একটি মসজিদ বানায়, আল্লাহ্ জান্নাতে তার জন্যে একটি ঘর বানান। [সহীহ্ বুখারী]

## মুয়াজ্জিন

اَلْمُؤَذِّنُ اَطْوَلُ النَّاسِ اَعْنَاقًا يَوْمَ الْقِيَامَةِ -

৭০. কিয়ামতের দিন মুয়াজ্জিনের ঘাড় সবচেয়ে লম্বা- উঁচু হবে। [সহীহ্ মুসলিম]

www.pathagar.com

## নিজের জন্যে পরের জন্যে

أَحِبَّ لِلنَّاسِ مَا تُحِبُّ لِنَفْسِكَ تَكُنْ مُؤْمِنًا -

৭১. নিজের জন্যে যা পছন্দ করো, অন্যদের জন্যেও তাই পছন্দ করবে, তবেই হতে পারবে মুমিন। [সহীহ্ মুসলিম]

لَا يُؤْمِنُ أَحَدُكُمْ حَتَّى يُحِبَّ لِأَخِيهِ مَا يُحِبُّ لِنَفْسِهِ -

৭২. তোমাদের কেউ মুমিন হবেনা, যতোক্ষণ সে নিজের জন্যে যা পছন্দ করে, তার ভাইয়ের জন্যেও তাই পছন্দ না করবে। [সহীহ্ বুখারী]

## আল্লাহ্ই যথেষ্ট

مَنْ تَوَكَّلَ عَلَى اللّٰهِ كَفَاهُ اللّٰهُ -

৭৩. যে আল্লাহ্র উপর ভরসা করে, তার জন্যে আল্লাহ্ই যথেষ্ট। [ইবনে মাজাহ্]

## জ্ঞানী

اَلْعُلَمَاءُ وَرَثَةُ الْأَنْبِيَاءِ -

৭৪. জ্ঞানীরা নবীদের উত্তরাধিকারী। [তিরমিযী]

صَاحِبُ الْعِلْمِ وَصَاحِبُ الدُّنْيَا لَا يَسْتَوِيَانِ -

৭৫. জ্ঞানবান আর দুনিয়াদার সমান নয়। [দারমী]

إِنَّ شَرَّ الشَّرِّ شِرَارُ الْعُلَمَاءِ وَإِنَّ خَيْرَ الْخَيْرِ خِيَارُ الْعُلَمَاءِ -

৭৬. সবচেয়ে মন্দ লোক জ্ঞানীদের মধ্যে যারা মন্দ তারা, আর সবচেয়ে ভালো লোক জ্ঞানীদের মধ্যে যারা ভালো তারা। [দারমী]

www.pathagar.com

كُلُّ عِلْمٍ وَبَالٌ عَلَى صَاحِبِهِ اِلَّا مَنْ عَمِلَ بِهِ -

৭৭. প্রতিটি জ্ঞান তার বাহকের জন্যে বিপদের কারণ, তবে যে সে অনুযায়ী আমল (কাজ) করে তার জন্যে নয়। [তাবরানী]

## শিক্ষক

اِنَّمَا بُعِثْتُ مُعَلِّمًا -

৭৮. আমি প্রেরিত হয়েছি শিক্ষক হিসেবে। [মিশকাত]

عَلِّمُوْا وَيَسِّرُوْا -

৭৯. শিক্ষাদান করো এবং সহজ করে শিখাও। [আদাবুল মুফরাদ]

## সুধারণা কুধারণা

حُسْنُ الظَّنِّ مِنَ الْعِبَادَةِ -

৮০. সুধারণা করা একটি ইবাদত। [আহমদ]

اِيَّاكُمْ وَالظَّنِّ فَاِنَّ الظَّنَّ اَكْذَبُ الْحَدِيْثِ -

৮১. অনুমান ও কুধারণা করা থেকে বিরত থাকো, কেননা অনুমান হলো বড় মিথ্যা কথা। [সহীহ বুখারী]

## যুল্‌ম

اِتَّقُوا الظُّلْمَ فَاِنَّ الظُّلْمَ ظُلُمَاتٌ يَوْمَ الْقِيَامَةِ -

৮২. যুল্‌ম করা থেকে বিরত থাকো। কেননা, কিয়ামতের দিন যুল্‌ম অন্ধকারের রূপ নেবে। [সহীহ মুসলিম]

اِتَّقِ دَعْوَةَ الْمَظْلُوْمِ -

৮৩. মযলুমের ফরিয়াদ থেকে আত্মরক্ষা করো। [সহীহ বুখারী]

www.pathagar.com

## ভ্রাতৃত্ব

اَلْمُؤْمِنُ اَخُو الْمُؤْمِنِ -

৮৪. মুমিন মুমিনের ভাই। [মিশকাত]

اَلْمُسْلِمُ اَخُو الْمُسْلِمِ -

৮৫. মুসলমান মুসলমানের ভাই। [সহীহ্ বুখারী]

নোট ঃ এ দুটি হাদীসে ঈমান এবং ইসলামকে ভ্রাতৃত্বের ভিত্তি বলা হয়েছে।

## ভ্রাতৃত্বের দায়িত্ব

اَلْمُؤْمِنُ مِرْاٰةُ الْمُؤْمِنِ -

৮৬. মুমিন মুমিনের আয়না। [মিশকাত]

শিক্ষা ঃ আয়না যেমন ময়লা দূর করতে এবং সাজ সৌন্দর্য গ্রহণ করতে সাহায্য করে, তেমনি একজন মুমিনেরও কর্তব্য তার মুমিন ভাইয়ের দোষ ত্রুটি দূর ও সুন্দর গুণাবলী অর্জন করার কাজে সাহায্য করা।

اَلْمُسْلِمُ اَخُو الْمُسْلِمِ لَا يَظْلِمُهٗ وَلَا يَخْذُلُهٗ -

৮৭. মুসলমান মুসলমানের ভাই। সে তার ভাইয়ের প্রতি যুল্ম করেনা এবং তাকে অপমানিতও করেনা। [সহীহ্ মুসলিম]

اَلْمُؤْمِنُ لِلْمُؤْمِنِ كَالْبُنْيَانِ -

৮৮. মুমিন মুমিনের সাথে প্রাচীরের গাঁথুনির মতো মজবুত সম্পর্ক রাখে। [সহীহ্ বুখারী]

لَا تُصَاحِبْ اِلَّا مُؤْمِنًا -

৮৯. মুমিন ছাড়া অন্যকে সাথী-বন্ধু বানাবেনা। [মিশকাত]

## সুকৃতি দুষ্কৃতি

لَيْسَ مِنَّا مَنْ لَمْ يَأْمُرْ بِالْمَعْرُوْفِ وَيَنْهَى عَنِ الْمُنْكَرِ -

৯০. যে ভালো কাজের আদেশ করেনা এবং মন্দ কাজ থেকে নিষেধ করেনা, সে আমার লোক নয়। [তিরমিযী]

## বিনয়

مَنْ تَوَاضَعَ لِلّٰهِ رَفَعَهُ اللّٰهُ

৯১. যে আল্লাহর উদ্দেশ্যে বিনয়ী হয়, আল্লাহ তার মর্যাদা বাড়িয়ে দেন। [মিশকাত]

## বিশ্বাস ভংগ করা

لَا تَخُنْ مَنْ خَانَكَ -

৯২. যে তোমার সাথে বিশ্বাস ভংগ করেছে, তুমি তার সাথে বিশ্বাস ভংগ করোনা। [তিরমিযী]

## আনুগত্য ও নেতৃত্ব

مَنْ يُّطِعِ الْاَمِيْرَ فَقَدْ اَطَاعَنِىْ -

৯৩. যে নেতার আনুগত্য করলো, সে আমারই আনুগত্য করলো। [সহীহ বুখারী]

مَنْ يَّعْصِ الْاَمِيْرَ فَقَدْ عَصَانِىْ -

৯৪. যে নেতার অবাধ্য হলো সে আমার অবাধ্য হলো। [সহীহ বুখারী]

لَا طَاعَةَ لِمَنْ عَصَى اللّٰهَ -

www.pathagar.com

৯৫. যে আল্লাহর অবাধ্য হয়, তার আনুগত্য করা যাবেনা। [কানযুল উম্মাল]

لَا طَاعَةَ فِىْ مَعْصِيَةِ اللّٰهِ ـ

৯৬. কারো এমন হুকুম মানা যাবেনা, যাতে আল্লাহর হুকুম অমান্য করতে হয়। [সহীহ মুসলিম]

مَنْ يَّكُنْ اَمِيْرًا فَاِنَّهٗ مِنْ طُوْلِ النَّاسِ حِسَابًا ـ

৯৭. যে নেতা হয়, তাকে সবার চেয়ে দীর্ঘ হিসাব দিতে হবে। [কানযুল উম্মাল]

## দান

اَلصَّدَقَةُ بُرْهَانٌ ـ

৯৮. দান হচ্ছে একটি প্রমাণ। [সহীহ মুসলিম]

مَنْ اَنْفَقَ نَفْقَةً فِىْ سَبِيْلِ اللّٰهِ كُتِبَ لَهٗ سَبْعُ مِائَةَ ضِعْفٍ

৯৯. যে আল্লাহর পথে একটি দান করে, আল্লাহ তার জন্যে সাতশ' গুণ লিখে দেন। [তিরমিযী]

مَا نَقَصَتْ صَدَقَةٌ مِنْ مَالٍ ـ

১০০. দান সম্পদ কমায়না। [তিবরানী]

## ভালো ব্যবহার

مَنْ كَانَ يُؤْمِنُ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ فَلْيَقُلْ خَيْرًا ـ

১০১. যে আল্লাহ ও পরকালের প্রতি ঈমান রাখে, সে যেনো উত্তম কথা বলে। [সহীহ বুখারী]

www.pathagar.com

تَبَسُّمُكَ فِىْ وَجْهِ اَخِيْكَ صَدَقَةٌ -

১০২. তোমার ভাইয়ের দিকে হাসি মুখে তাকানো একটি দান। [তিরমিযী]

مَنْ لَّمْ يَشْكُرِ النَّاسَ لَمْ يَشْكُرِ اللّٰهَ -

১০৩. যে মানুষের কৃতজ্ঞতা প্রকাশ করেনা, সে আল্লাহরও কৃতজ্ঞ হয়না। [আবু দাউদ]

## অর্থ ও আল্লাহ ভীতি

لَا بَأْسَ فِى الْغِنٰى لِمَنِ اتَّقٰى -

১০৪. যে আল্লাহকে ভয় করে, তার ধনী হওয়াতে দোষ নেই। [মিশকাত]

اَلصِّحَّةُ لِمَنِ اتَّقٰى خَيْرٌ مِّنَ الْغِنٰى -

১০৫. যে আল্লাহকে ভয় করে, তার জন্যে অর্থের প্রাচুর্যের চেয়ে শারীরিক সুস্থতা উত্তম। [মিশকাত]

## সত্য মিথ্যা

اِنَّ الصِّدْقَ طَمَانِيْنَةٌ وَاِنَّ الْكِذْبَ رِيْبَةٌ -

১০৬. সত্য দেয় মনের শান্তি আর মিথ্যা দেয় সংশয়। [তিরমিযী]

## প্রফুল্লতা

طِيْبُ النَّفْسِ مِنَ النِّعَمِ -

১০৭. মনের প্রফুল্লতা আল্লাহর একটি অনুগ্রহ। [মিশকাত]

www.pathagar.com

## ক্ষতিগ্রস্ত লোক

مَنِ اسْتَوٰى يَوْمَاهُ فَهُوَ مَغْبُوْنٌ -

১০৮. যার দুটি দিন সমান গেলো, সে ক্ষতিগ্রস্ত হলো। [দায়লমী]

ব্যাখ্যা ঃ হাদীসটির মর্ম হলো, যে ব্যক্তি প্রতিদিন নিজেকে আগের দিনের চেয়ে এক ধাপ উন্নত করতে পারেনা, কিছুটা এগিয়ে নিতে পারেনা, সে ক্ষতিগ্রস্ত হয় এবং পিছিয়ে পড়ে।

## ভালো মানুষ

خِيَارُكُمُ الَّذِيْنَ اِذَا رُؤُوْا ذُكِرَ اللّٰهُ -

১০৯. তোমাদের মধ্যে ভালো মানুষ তারা, যাদের দেখলে আল্লাহর কথা স্মরণ হয়। [ইবনে মাজাহ]

## খাবার আদব

كُلْ بِيَمِيْنِكَ وَكُلْ مِمَّا يَلِيْكَ -

১১০. ডান হাতে খাও এবং যা নিকটে তা থেকে খাও। [সহীহ বুখারী]

## মেহমানদারি

مَنْ كَانَ يُؤْمِنُ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ فَلْيُكْرِمْ ضَيْفَهُ -

১১১. যে আল্লাহ ও পরকালের প্রতি ঈমান রাখে, সে যেনো নিজের মেহমানকে সম্মান-যত্ন করে। [সহীহ বুখারী]

www.pathagar.com

## ভালো কাজ

كُلُّ مَعْرُوْفٍ صَدَقَةٌ -

১১২. প্রতিটি ভালো কাজ একটি দান। [সহীহ্ বুখারী]

خَيْرُ النَّاسِ مَنْ طَالَ عُمْرُهُ وَحَسُنَ عَمَلُهُ -

১১৩. উত্তম লোক সে, যার বয়স হয় দীর্ঘ আর কর্ম হয় সুন্দর। [তিরমিযী]

## মুসলমানের অধিকার

اَلْمُسْلِمُ مَنْ سَلِمَ الْمُسْلِمُوْنَ مِنْ لِسَانِهٖ وَيَدِهٖ -

১১৪. মুসলমান সে, যে নিজের অনিষ্টকর ভাষা ও কর্ম থেকে মুসলমানদের নিরাপদ রাখে। [সহীহ্ বুখারী]

سِبَابُ الْمُسْلِمِ فُسُوْقٌ وَقِتَالُهُ كُفْرٌ -

১১৫. মুসলমানকে গালি দেয়া ফাসেকী আর হত্যা করা কুফরী। [সহীহ্ বুখারী]

كُلُّ الْمُسْلِمِ عَلَى الْمُسْلِمِ حَرَامٌ دَمُهُ وَمَالُهُ وَعِرْضُهُ -

১১৬. প্রত্যেক মুসলমানের জন্যে অপর মুসলমানদের রক্ত, সম্পদ ও ইজ্জত সম্মানযোগ্য। [সহীহ্ মুসলিম]

ব্যাখ্যা ঃ হাদীসটির অর্থ এভাবেও বলা যায়ঃ

মুসলমানের জন্যে মুসলমানের রক্তপাত করা এবং সম্পদ ও ইজ্জত নষ্ট করা হারাম।

## মুহাজির

اَلْمُهَاجِرُ مَنْ هَجَرَ مَا نَهَى اللّٰهُ عَنْهُ -

১১৭. মুহাজির সে, যে আল্লাহর নিষেধ করা কাজ ত্যাগ করে। [সহীহ্ বুখারী]

## শোকর ও সবর

اَلطَّاعِمُ الشَّاكِرُ كَالصَّائِمِ الصَّابِرِ -

১১৮. যে খেয়ে শোকর আদায় করে, সে ধৈর্যশীল রোযাদারের সমতূল্য। [তিরমিযী]

اَلصَّبْرُ ضِيَاءٌ -

১১৯. সবর হলো আলো। (সহীহ্ মুসলিম)

## ধোকা হিংসা বিদ্বেষ

مَنْ غَشَّ فَلَيْسَ مِنَّا -

১২০. যে কাউকেও প্রতারণা করলো সে আমার লোক নয়। [সহীহ্ মুসলিম]

وَاِيَّاكُمْ وَالْحَسَدِ -

১২১. সাবধান! তোমরা হিংসা করা থেকে আত্মরক্ষা করো। [আবু দাউদ]

لَا تَحَاسَدُوْا وَلَا تَبَاغَضُوْا وَلَا تَدَابَرُوْا -

১২২. তোমরা একে অপরের প্রতি হিংসা করোনা, ঘৃণা বিদ্বেষ করোনা এবং পরস্পর থেকে মুখ ফিরিয়ে নিয়োনা। [সহীহ্ মুসলিম]

www.pathagar.com

## শিশু

اَلصِّبْيَانُ مِنْ رَيْحَانِ اللهِ -

১২৩. শিশুরা আল্লাহর ফুল। [তিরমিযী]

## পরিজনের কাছে উত্তম

خَيْرُكُمْ خَيْرُكُمْ لِاَهْلِهٖ -

১২৪. তোমাদের মাঝে উত্তম লোক সে, যে তার পরিবার পরিজনের কাছে উত্তম। [ইবনে মাজাহ]

## জনসেবা

عُوْدُوا الْمَرِيْضَ وَاَطْعِمُوا الْجَائِعَ -

১২৫. রোগীর সেবা করো এবং ক্ষুধার্তকে খেতে দাও। [সহীহ বুখারী]

اِنَّ اللهَ كَتَبَ الْاِحْسَانَ عَلٰى كُلِّ شَيْئٍ -

১২৬. আল্লাহ সকল কিছুর প্রতি দয়া ও সহানুভূতি দেখাবার নির্দেশ দিয়েছেন। [সহীহ মুসলিম]

وَاللهُ فِىْ عَوْنِ الْعَبْدِ مَاكَانَ الْعَبْدُ فِىْ عَوْنِ اَخِيْهِ -

১২৭. আল্লাহ ততোক্ষণ বান্দাহর সাহায্য করেন, যতোক্ষণ সে তার ভাইয়ের সাহায্য করে। [সহীহ মুসলিম]

مَنْ كَانَ فِىْ حَاجَةِ اَخِيْهِ كَانَ اللهُ فِىْ حَاجَتِهٖ -

১২৮. যে তার ভাইয়ের প্রয়োজন পূরণ করে, আল্লাহ তার প্রয়োজন পূরণ করেন। [সহীহ বুখারী]

www.pathagar.com

لَا تُظْهِرِ الشَّمَاتَةَ لِاَخِيْكَ ۔

১২৯. তোমার ভাইয়ের বিপদে আনন্দ প্রকাশ করোনা। [তিরমিযী]

## ব্যক্তিত্ব গঠন

مِنْ حُسْنِ اِسْلَامِ الْمَرْءِ تَرْكُهُ مَالَا يَعْنِيْهِ ۔

১৩০. মুসলমান ব্যক্তির ইসলামের সৌন্দর্যগুলোর একটি হলো, নিরর্থক কথা ও কাজ ত্যাগ করা। [তিরমিযী]

اَلْحَيَاءُ مِنَ الْاِيْمَانِ ۔

১৩১. লজ্জা ঈমানের অংশ। [মিশকাত]

اِذَا اسْتَعَنْتَ فَاسْتَعِنْ بِاللّٰهِ ۔

১৩২. যখন সাহায্য চাইবে, আল্লাহর কাছে চেয়ো। [মিশকাত]

## আল্লাহকে স্মরণ করা

مَثَلُ الَّذِىْ يَذْكُرُ رَبَّهُ وَالَّذِىْ لَا يَذْكُرُ كَمَثَلِ الْحَىِّ وَالْمَيِّتِ ۔

১৩৩. যে তার প্রভুকে স্মরণ করে, আর যে করেনা, তাদের উদাহরণ হলো জীবিত ও মৃতের মতো। [সহীহ্ মুসলিম]

## সত্য কথা

قُلِ الْحَقَّ وَاِنْ كَانَ مُرًّا ۔

১৩৪. সত্য কথা বলো, যদিও তা তিক্ত। [ইবনে হিব্বান]

www.pathagar.com

## কর্মকৌশল

لَا عَقْلَ كَالتَّدْبِيْرِ -

১৩৫. প্রচেষ্টার চেয়ে বড় কোনো যুক্তি নই। [ইবনে হিব্বান]

## নিন্দুক

لَا يَدْخُلُ الْجَنَّةَ نَمَّامٌ -

১৩৬. কোনো নিন্দুক জান্নাতে প্রবেশ করবেনা। [বুখারী]

## রাগ

فَاِذَا غَضِبْتَ فَاسْكُتْ -

১৩৭. রাগে উত্তেজিত হলে চুপ করে থাকো [আদাবুল মুফরাদ]

فَاِذَا غَضِبَ اَحَدُكُمْ فَلْيَتَوَضَّأْ -

১৩৮. তোমাদের কেউ যখন উত্তেজিত হবে, সে যেনো অযু করে আসে। [আবু দাউদ]

## অহংকার

لَا يَدْخُلُ الْجَنَّةَ مَنْ كَانَ فِىْ قَلْبِهٖ مِثْقَالَ ذَرَّةٍ مِنْ كِبْرٍ -

১৩৯. যার মনে বিন্দু পরিমাণ অহংকার আছে, সে জান্নাতে প্রবেশ করবেনা। [সহীহ মুসলিম]

## সালাম

اَفْشُوا السَّلَامَ بَيْنَكُمْ -

www.pathagar.com

১৪০. তোমারে মাঝে সালাম আদান প্রদানের ব্যাপক প্রচলন করো। [সহীহ মুসলিম]

أَبْخَلُ النَّاسِ مَنْ بَخِلَ فِى السَّلَامِ -

১৪১. সবচেয়ে কৃপণ লোক সে, যে সালাম আদান প্রদানে কৃপণতা করে। [তিবরানী]

## দয়া ও ভালোবাসা

اِرْحَمْ مَنْ فِى الْأَرْضِ يَرْحَمْكَ مَنْ فِى السَّمَاءِ -

১৪২. যারা পৃথিবীতে আছে তাদের দয়া করো, তাহলে যিনি আকাশে আছেন তিনি তোমাকে দয়া করবেন। [মিশকাত]

لَا يَرْحَمِ اللّٰهُ مَنْ لَّا يَرْحَمِ النَّاسَ -

১৪৩. যে মানুষের প্রতি দয়া করেনা, আল্লাহ্ তার প্রতি দয়া করেননা। [সহীহ বুখারী]

لَا تُؤْمِنُوْا حَتّٰى تَحَابُّوْا -

১৪৪. তোমরা মুমিন হবেনা যতোক্ষণ একে অপরকে ভালোবাসবেনা।

## শরীরের অধিকার

اِنَّ لِجَسَدِكَ عَلَيْكَ حَقٌّ -

১৪৫. তোমার উপর তোমার শরীরের অধিকার রয়েছে। [সহীহ বুখারী]

ব্যাখ্যা ঃ শরীরের অধিকার হলো, শরীর সুস্থ রাখা ও বিশ্রাম নেয়া।

## প্রতিবেশীর অধিকার

أَحْسِنْ اِلٰى جَارِكَ تَكُنْ مُؤْمِنًا -

www.pathagar.com

১৪৬. প্রতিবেশীর প্রতি সুন্দর সহানুভূতির আচরণ করো, তবেই মুমিন হবে। [মিশকাত]

لَيْسَ الْمُؤْمِنُ الَّذِىْ يَشْبَعُ وَجَارُهٗ جَائِعٌ اِلٰى جَنْبِهٖ -

১৪৭. সে মুমিন নয়, যে নিজে পেট পূরে খায় আর পাশেই তার প্রতিবেশী না খেয়ে থাকে। [বায়হাকী]

## প্রাচুর্য

اَلْغِنٰى غِنَى النَّفْسِ -

১৪৮. মনের প্রাচুর্যই আসল প্রাচুর্য। [সহীহ বুখারী]

اَرْضِ بِمَا قَسَمَ اللّٰهُ لَكَ تَكُنْ اَغْنَى النَّاسِ -

১৪৯. আল্লাহ্ তোমার ভাগে যা রেখেছেন, তাতে সন্তুষ্ট থাকো, তবেই হবে সবচেয়ে প্রাচুর্যশালী। [মিশকাত]

مَنْ كَانَتْ نِيَّتُهٗ طَلَبُ الْاٰخِرَةِ جَعَلَ اللّٰهُ غِنَاهُ فِىْ قَلْبِهٖ -

১৫০. যার উদ্দেশ্য হয় পরকাল লাভ করা, আল্লাহ্ তার অন্তরে প্রাচুর্য দান করেন। [তিরমিযী]

## জান্নাত ও জাহান্নাম

اِنَّ الْجَنَّةَ لَايَنَامُ طَالِبُهَا -

১৫১. জান্নাত এতোই আকর্ষণীয় যে, তার আকাংখীর চোখে ঘুম আসেনা। [তিবরানী]

www.pathagar.com

إِنَّ النَّارَ لَا يَنَامُ هَارِبُهَا -

১৫২. দোযখ এতোই ভয়াবহ যে, তার থেকে পলায়নকারীর চোখে ঘুম আসেনা। [তিবরানী]

## মনের মরিচিকা

إِنَّ لِلْقُلُوْبِ صَدَاءٌ كَصَدَإِ النُّحَاسِ وَجَلَاءُهَا الْإِسْتِغْفَارُ -

১৫৩. মনের মধ্যে লোহার মতোই মরিচিকা পড়ে। আর তা দূর করার উপায় হলো ক্ষমা প্রার্থনা করা। [বায়হাকী]

## অধীনস্থ

لَا يَدْخُلِ الْجَنَّةَ سَيِّئُ الْمَلَكَةِ -

১৫৪. অধীনস্থদের সাথে নিকৃষ্ট আচরণকারী জান্নাত প্রবেশ করবেনা। [আহমদ]

## মৃতদের গালি না দেয়া

لَا تَسُبُّوا الْأَمْوَاتَ -

১৫৫. মৃতদের গালি দিয়োনা।

## উড়ো কথা প্রচার না করা

كَفٰى بِالْمَرْءِ كَذِبًا اَنْ يُحَدِّثَ بِكُلِّ مَا سَمِعَ -

১৫৬. প্রতিটি শোনা কথা বলে বেড়ানোটাই মিথ্যাবাদী হবার জন্যে যথেষ্ট। [সহীহ মুসলিম]

www.pathagar.com

## মর্যাদা দান

أَنْزِلِ النَّاسَ مَنَازِلَهُمْ -

১৫৭. মর্যাদা অনুযায়ী মানুষকে সমাদর করো। [আবু দাউদ].

## সতর্কতা

لَا يَلْدَغُ الْمُؤْمِنُ مِنْ حَجَرٍ وَاحِدٍ مَرَّتَيْنِ -

১৫৮. মুমিন এক পাথরে দুইবার হোঁচট খায়না। [সহীহ্ বুখারী]

## অট্টহাসি

إِنَّ كَثْرَةَ الضَّحْكِ تُمِيْتُ الْقَلْبَ

১৫৯. অধিক হাসাহাসি অন্তরকে মেরে ফেলে। [তিবরানী]

## সন্তান

أَكْرِمُوْا أَوْلَادَكُمْ وَأَحْسِنُوْا أَدَبَهُمْ -

১৬০. তোমাদের সন্তানদের মর্যাদা দান করো এবং তাদের সুন্দর আচার ব্যবহার শিখাও। [ইবনে হিব্বান]

## শক্তিমান কে?

إِنَّمَا الشَّدِيْدُ مَنْ يَّمْلِكُ نَفْسَهُ عِنْدَ الْغَضَبِ -

১৬১. শক্তিশালী সে, যে রাগের সময় নিজেকে নিয়ন্ত্রণে রাখতে পারে। [সহীহ্ মুসলিম]

www.pathagar.com

## অধঃপতন

مَنْ بَطَّأَ بِهِ عَمَلُهُ لَمْ يُسْرِعْ بِهِ نَسَبُهُ -

১৬২. যার কর্ম তাকে ডুবায়, তার বংশ তাকে উঠাতে পারেনা। [সহীহ মুসলিম]

## শাসক হবে তেমন

كَمَا تَكُونُونَ كَذَالِكَ يُؤَمَّرُ عَلَيْكُمْ -

১৬৩. তোমরা হবে যেমন, তোমাদর শাসকও হবে তেমন। [মিশকাত]

## অপরের দোষ

مَنْ سَتَرَ مُسْلِمًا سَتَرَهُ اللّٰهُ فِى الدُّنْيَا وَالْاٰخِرَةِ -

১৬৪. যে ব্যক্তি একজন মুসলমানের দোষ গোপন করবে, আল্লাহ্ দুনিয়া ও আখিরাতে তার দোষ গোপন করবেন। [সহীহ মুসলিম]

## আল্লাহর বিধান পালন

اِتَّقِ الْمَحَارِمَ تَكُنْ اَعْبَدِ النَّاسِ -

১৬৫. হারাম থেকে বেঁচে থাকো, বড় আবেদ হতে পারবে। [তিরমিযী]

اِحْفِظِ اللّٰهَ يَحْفَظْكَ -

১৬৬. আল্লাহর বিধানের হিফাযত করো, আল্লাহ তোমাকে হিফাযত করবেন। [তিরমিযী]

## সৌভাগ্য

مِنْ سَعَادَةِ ابْنِ اٰدَمَ رِضَاهُ بِمَا قَضَى اللّٰهُ -

www.pathagar.com

১৬৭. আল্লাহর সিদ্ধান্তে সন্তুষ্ট থাকতে পারা আদম সন্তানের একটি সৌভাগ্য। [তিরমিযী]

## কি নিয়ে উঠবে?

يُبْعَثُ كُلُّ عَبْدٍ عَلٰى مَا مَاتَ عَلَيْهِ ـ

১৬৮. প্রতিটি বান্দা কিয়ামতে তাই নিয়ে উঠবে, যা নিয়ে সে মরেছে। [সহীহ মুসলিম]

## নেতা

سَيِّدُ الْقَوْمِ خَادِمُهُمْ ـ

১৬৯. নেতা হবে মানুষের সেবক। [দায়লমী]

كُلُّكُمْ رَاعٍ وَكُلُّكُمْ مَسْئُوْلٌ عَنْ رَعِيَّتِهٖ ـ

১৭০. তোমাদের প্রত্যেকেই দায়িত্বশীল এবং প্রত্যেককেই তার দায়িত্ব পালনের ব্যাপারে জিজ্ঞাসাবাদ করা হবে।

اِنَّمَا النَّاسُ كَاِبِلٍ مِائَةٍ لَا يُوْجَدُ فِيْهَا رَاحِلَةً ـ

১৭১. মানুষের অবস্থা উটের মতো, একশ'টি উটের মধ্যেও একটি ভালো সোয়ারী পাওয়া যায়না। [সহীহ মুসলিম]

## জামাতবদ্ধতা

يَدُ اللّٰهِ مَعَ الْجَمَاعَةِ وَمَنْ شَذَّ شُذَّ اِلَى النَّارِ ـ

১৭২. জামাতের প্রতি আল্লাহর রহমত থাকে। যে জামাত ত্যাগ করে, সে জাহান্নামে নিক্ষিপ্ত হয়। [তিরমিযী]

www.pathagar.com

## মতভেদ

لَا تَخْتَلِفُوْا فَاِنَّ مَنْ كَانَ قَبْلَكُمْ اِخْتَلَفُوْا فَهَلَكُوْا -

১৭৩. মতভেদ করোনা। তোমাদের পূর্বে যারা মতভেদ করেছিল, তারা ধ্বংস হয়েছে। [সহীহ্ বুখারী]

## আল্লাহর প্রিয় ব্যক্তি

اَلْخَلْقُ عِيَالُ اللّٰهِ اَحَبُّهُمْ اِلَيْهِ اَنْفَعُهُمْ لِعِيَالِهٖ -

১৭৪. গোটা সৃষ্টি আল্লাহর পরিবার। যে ব্যক্তি আল্লাহর পরিবারের জন্যে বেশী উপকারী, সে তাঁর কাছে বেশী প্রিয়। [সহীহ্ মুসলিম]

## রসূলুল্লাহ সাঃ

مَا رَأَيْتُ شَيْئًا اَحْسَنُ مِنْ رَسُوْلِ اللّٰهِ ﷺ -

১৭৫. আমি রসূলুল্লাহর (সাঃ) চাইতে অধিক সুন্দর কোনা কিছু দেখিনি। [আবু হুরাইরাঃ তিরমিযী]

مَا رَأَيْتُ اَحَدًا اَسْرَعَ فِىْ مَشْيَتِهٖ مِنْ رَسُوْلِ اللّٰهِ ﷺ

১৭৬. আমি কাউকেও রসূলুল্লাহর (সাঃ) চাইতে দ্রুত চলতে দেখিনি। [আবু হুরাইরাঃ তিরমিযী]

مَا سُئِلَ رَسُوْلَ اللّٰهِ ﷺ شَيْئًا قَطُّ فَقَالَ لَا -

১৭৭. রসূলুল্লাহর (সাঃ) কাছে কিছু চাওয়া হয়েছে আর তিনি 'না' বলেছেন, এমন কখনো হয়নি। [জাবিরঃ সহীহ্ বুখারী]

www.pathagar.com

كَانَ رَسُوْلُ اللّٰهِ يَعُوْدُ الْمَرِيْضَ وَيَتَّبِعُ الْجَنَازَةِ ـ

১৭৮. রসূলুল্লাহ (সাঃ) রোগীর সেবা করতেন এবং কফিনের সাথে যেতেন। [আনাসঃ ইবনে মাজাহ]

كَانَ رَسُوْلُ اللّٰهِ طَوِيْلُ الصَّمْتِ ـ

১৭৯. রসূলুল্লাহ (সাঃ) দীর্ঘ সময় চুপ থাকতেন। [জাবির বিন সামু রাঃ শরহে সুন্নাহ]

كَانَ رَسُوْلُ اللّٰهِ يُحَدِّثُ حَدِيْثًا لَوْعَدَّهُ الْعَادُّ لَاَحْصَاهُ ـ

১৮০. রসূলুল্লাহ (সাঃ) যখন কথা বলতেন, তখন কেউ ইচ্ছে করলে তাঁর বক্তব্যের শব্দ সংখ্যা গুণে নিতে পারতো। [আয়েশা রাঃ সহীহ বুখারী]

كَانَ فِىْ كَلَامِ رَسُوْلِ اللّٰهِ تَرْتِيْلٌ وَتَرْسِيْلٌ ـ

১৮১. রসূলুল্লাহ (সাঃ) কথা বলতেন থেমে থেমে স্পষ্ট করে। [জাবিরঃ আবু দাউদ]

لَمْ يَكُنْ رَسُوْلُ اللّٰهِ يَجْزِىْ بِالسَّيِّئَةِ السَّيِّئَةَ لٰكِنْ يَّعْفُوْ وَيَصْفَحُ ـ

১৮২. রসূলুল্লাহর (সাঃ) সাথে কেউ খারাপ ব্যবহার করলে বিনিময়ে তিনি খারাপ ব্যবহার করতেননা, বরং ক্ষমা করে দিতেন এবং উপেক্ষা করতেন। [আয়েশা রাঃ তিরমিযী]

اِنَّمَا بُعِثْتُ رَحْمَةً ـ

১৮৩. আমি প্রেরিত হয়েছি রহমত হিসেবে। [সহীহ মুসলিম]

www.pathagar.com

طُوْبٰى لِمَنْ رَآنِىْ وَطُوْبٰى سَبْعُ مَرَّاتٍ لِمَنْ لَمْ يَرَنِىْ وَاٰمَنَ بِىْ -

১৮৪. সুখবর তার জন্যে, যে আমাকে দেখেছে। সাতবার সুখবর ঐ ব্যক্তির জন্যে যে আমাকে দেখেনি, অথচ আমার প্রতি ঈমান এনেছে। [আহমদ]

## সাহাবায়ে কিরাম

خَيْرُ اُمَّتِىْ قَرْنِىْ

১৮৫. আমার উম্মতের উত্তম লোক হলো আমার সময়ের লোকেরা। [সহীহ বুখারী]

اَكْرِمُوْا اَصْحَابِىْ فَاِنَّهُمْ خِيَارُكُمْ -

১৮৬. আমার সাহাবীদের সম্মান দান করো, কারণ তারা তোমাদের মধ্যে সর্বোত্তম। [মিশকাত]

لَا تَسُبُّوْا اَصْحَابِىْ -

১৮৭. আমার সাহাবীদের গালি দিওনা। [সহীহ বুখারী]

## আবু বকর রাঃ

لَوْ كُنْتُ مُتَّخِذًا خَلِيْلاً غَيْرَ رَبِّىْ لَاتَّخَذْتُ اَبَا بَكْرٍ خَلِيْلاً -

১৮৮. আমি যদি আমার প্রভুকে ছাড়া আর কাউকেও বন্ধু বানাতাম, তবে অবশ্যি আবু বকরকে বন্ধু বানাতাম। [সহীহ বুখারী]

يَا اَبَا بَكْرٍ اَنْتَ صَاحِبِىْ فِى الْغَارِ وَصَاحِبِىْ فِى الْحَوْضِ-

www.pathagar.com

১৮৯. হে আবু বকর! (পর্বত) গুহায় তুমি আমার সাথী ছিলে, হাউজে কাউসারেও তুমি আমার সাথী থাকবে। [তিরমিযী]

إِنَّ مِنْ أَمَنِ النَّاسِ عَلَىَّ فِىْ صُحْبَتِهٖ وَ مَالِهٖ أَبُوْ بَكْرٍ -

১৯০. নিজের সাথীত্ব ও অর্থ দিয়ে আমাকে সকলের চেয়ে অধিক সহযোগিতা করেছে আবু বকর। [সহীহ বুখারী]

أَمَا اَنَّكَ يَا اَبَا بَكْرٍ اَوَّلُ مَنْ يَّدْخُلِ الْجَنَّةَ مِنْ اُمَّتِىْ -

১৯১. হে আবু বকর! আমার উম্মতের মধ্যে তুমিই সর্বপ্রথম জান্নাতে প্রবেশ করবে। [আবু দাউদ]

## উমর রাঃ

إِنَّ اللّٰهَ جَعَلَ الْحَقَّ عَلٰى لِسَانِ عُمَرَ وَقَلْبِهٖ -

১৯২. আল্লাহ্ উমরের যবান ও অন্তরে সত্য সন্নিবেশ করে দিয়েছেন। [তিরমিযী]

لَوْكَانَ بَعْدِىْ نَبِىٌّ لَكَانَ عُمَرُ بْنِ الْخَطَّابِ -

১৯৩. আমার পরে যদি কেউ নবী হতো, তবে অবশ্যি উমর বিন খাত্তাব হতো। [তিরমিযী]

## শ্রেষ্ঠ নারী

خَيْرُ نِسَائِهَا مَرْيَمُ بِنْتَ عِمْرَانَ وَخَدِيجَةَ بِنْتِ خُوَيْلِدٍ -

www.pathagar.com

১৯৪. পৃথিবীর সর্বোত্তম নারী ইমরানের কন্যা মরিয়ম আর খুয়াইলিদের কন্যা খাদীজা। [সহীহ্ বুখারী]

নোট ঃ মরিয়ম ছিলেন হযরত ঈসা আলাইহিস সালামের মা, আর খাদীজা ছিলেন হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের স্ত্রী।

## দু'আর নিয়মও গুরুত্ব

إِذَا سَأَلْتَ فَاسْئَلِ اللّٰهَ -

১৯৫. যখন কিছু প্রার্থনা করবে, আল্লাহর কাছে করবে। [মিশকাত]

اَلدُّعَاءُ هُوَ الْعِبَادَةُ -

১৯৬. দু'আ ইবাদত। [তিরমিযী]

اَلدُّعَاءُ مُخُّ الْعِبَادَةِ -

১৯৭. দু'আ ইবাদতের মস্তিষ্ক। [তিরমিযী]

سَلُوا اللّٰهَ مِنْ فَضْلِهِ فَإِنَّ اللّٰهَ يُحِبُّ اَنْ يُسْأَلَ -

১৯৮. আল্লাহর কাছে তাঁর অনুগ্রহ চাও। তাঁর কাছে প্রার্থনা করাকে আল্লাহ্ খুবই পছন্দ করেন। [তিরমিযী]

مَنْ لَمْ يَسْئَلِ اللّٰهَ يَغْضَبْ عَلَيْهِ -

১৯৯. যে আল্লাহর কাছে চায়না, আল্লাহ্ তার উপর রাগান্বিত হন। [তিরমিযী]

www.pathagar.com

إِنِّي لَأَسْتَغْفِرُ اللّٰهَ فِي الْيَوْمِ مِائَةَ مَرَّةٍ -

২০০. আমি আল্লাহ্‌র কাছে দিন একশ' বার ক্ষমা প্রার্থনা করি। [সহীহ্ মুসলিম]

## তাওবা

إِنَّ الْعَبْدَ إِذَا اعْتَرَفَ ثُمَّ تَابَ تَابَ اللّٰهُ عَلَيْهِ -

২০১. বান্দাহ্ যখন অপরাধ স্বীকার করে এবং তাওবা করে, তখন আল্লাহ্ তার তাওবা কবুল করেন। [সহীহ্ বুখারী]

ব্যাখ্যা ঃ তাওবা মানে- ফিরে আসা। তাওবা করার অর্থ- অন্যায়, অপরাধ ও ভুল হয়ে গেলে তা স্বীকার করে সে জন্যে অনুশোচনা করা ও তা থেকে ফিরে আসা এবং এমন কাজ আর কখনো না করার সিদ্ধান্ত নেয়া।

كُلُّ بَنِي آدَمَ خَطَّاءٌ وَخَيْرُ الْخَطَّائِيْنَ التَّوَّابُوْنَ -

২০২. সব আদম সন্তানই ভুল করে। তবে এদের মধ্যে উত্তম হলো তারা যারা ভুলের জন্যে তাওবা করে। [তিরমিযী]

## রসূলুল্লাহ্‌র কতিপয় দু'আ

اَللّٰهُمَّ إِنِّي أَعُوْذُ بِكَ مِنَ الْهَمِّ وَالْحُزْنِ وَالْعِجْزِ وَالْكَسَلِ وَالْجُبْنِ وَالْبُخْلِ وَضَلَعِ الدَّيْنِ -

২০৩. হে আল্লাহ্! আমি তোমার কাছে পানাহ চাই দুশ্চিন্তা থেকে, মনোকষ্ট থেকে, বার্ধক্য থেকে, আলস্য ও কাপুরুষতা থেকে এবং কৃপণতা ও ঋণের

www.pathagar.com

বোঝা থেকে। [সহীহ্ বুখারী]

اَللّٰهُمَّ اٰتِ نَفْسِيْ تَقْوَاهَا وَزَكِّهَا اَنْتَ خَيْرُ مَنْ زَكَّاهَا -

২০৪. হে আল্লাহ্! আমার অন্তরে আল্লাহ্ভীতি দাও এবং তাকে পরিশুদ্ধ করো। তুমিই তো তার উত্তম পরিশুদ্ধকারী। [সহীহ্ মুসলিম]

اَللّٰهُمَّ اِنِّيْ اَعُوْذُبِكَ مِنْ عِلْمٍ لَا يَنْفَعُ وَمِنْ قَلْبٍ لَا يَخْشَعُ -

২০৫. ওগো আল্লাহ্! আমি তোমার কাছে এমন জ্ঞান থেকে পানাহ্ চাই যাতে কোনো কল্যাণ নেই। আর এমন হৃদয় থেকেও আশ্রয় চাই যাতে তোমার ভয় নেই। [আহ্মদ]

اَللّٰهُمَّ اِنِّيْ اَعُوْذُبِكَ مِنَ الشِّقَاقِ وَالنِّفَاقِ وَسُوْءِ الْاَخْلَاقِ -

২০৬. আয় আল্লাহ্! আমি তোমার কাছে পানাহ্ চাই সংশয় থেকে, কপটতা থেকে আর অসৎ চরিত্র থেকে। [নাসায়ী]

اَللّٰهُمَّ اِنِّيْ اَسْئَلُكَ الْهُدٰى وَالتُّقٰى وَالْعِفَافَ وَالْغِنٰى -

২০৭. হে আল্লাহ্! আমি তোমার কাছে চাই হিদায়াত, আল্লাহ্ভীতি, পবিত্র জীবন এবং প্রাচুর্য। [সহীহ্ মুসলিম]

www.pathagar.com

اَللّٰهُمَّ اغْفِرْلِىْ وَارْحَمْنِىْ وَاهْدِنِىْ وَعَافِنِىْ وَارْزُقْنِىْ -

২০৮. ওগো আল্লাহ! আমাকে ক্ষমা করে দাও, আমার প্রতি দয়া করো, আমাকে সঠিক পথ দেখাও, আমাকে স্বস্তি দান করো এবং আমাকে জীবিকা দাও। [সহীহ্ মুসলিম]

اَللّٰهُمَّ اِنِّىْ اَسْئَلُكَ عِلْمًا نَافِعًا وَعَمَلاً مُتَقَبَّلاً وَرِزْقًا طَيِّبًا -

২০৯. আমার আল্লাহ! আমি তোমার কাছে চাই কল্যাণময় জ্ঞান, গ্রহণযোগ্য আমল আর পবিত্র জীবিকা। [আহ্মদ]

اَللّٰهُمَّ اِنِّىْ اَسْئَلُكَ الصِّحَّةَ وَالْعِفَّةَ وَالْاَمَانَةَ وَحُسْنَ الْخُلُقِ وَالرِّضٰى بِالْقَدْرِ -

২১০. ওগো আল্লাহ! আমি তোমার কাছে প্রার্থনা করছি সুস্থতা, স্বস্তি, বিশ্বস্ততা, উত্তম চরিত্র আর তকদীরের প্রতি সন্তুষ্টি। [বায়হাকী]

اَللّٰهُمَّ اِنِّىْ اَسْئَلُكَ حُبَّكَ وَحُبَّ مَنْ يُّحِبُّكَ -

২১১. আমার আল্লাহ! আমি তোমার ভালোবাসা চাই, আর যে তোমাকে ভালোবাসে তার ভালোবাসা চাই। [তিরমিযী]

## জীবন পথের আলো

عَنْ اَبِىْ ذَرٍّ قَالَ، قُلْتُ اَوْصِنِىْ يَا رَسُوْلَ اللّٰهِ : قَالَ : اُوْصِيْكَ بِتَقْوَى اللّٰهِ فَاِنَّهُ اَزْيَنُ لِاَمْرِكَ كُلِّهٖ -

www.pathagar.com

قُلْتُ زِدْنِىْ ، قَالَ عَلَيْكَ بِتِلاَوَةِ الْقُرْاٰنِ وَذِكْرِ
اللّٰهِ فَاِنَّهٗ ذِكْرٌ لَّكَ فِى السَّمَاءِ وَنُوْرٌ لَّكَ فِى
الْاَرْضِ ـ قُلْتُ زِدْنِىْ ، قَالَ عَلَيْكَ بِطُوْلِ الصَّمْتِ
فَاِنَّهٗ مَطْرَدَةٌ لِّلشَّيْطَانِ وَعَوْنٌ لَّكَ عَلٰى اَمْرِ
دِيْنِكَ ، قُلْتُ زِدْنِىْ ، قَالَ وَاِيَّاكَ وَكَثْرَةَ الضَّحْكِ
فَاِنَّهٗ يُمِيْتُ الْقَلْبَ وَيَذْهَبُ بِنُوْرِ الْوَجْهِ
قُلْتُ زِدْنِىْ ، قَالَ قُلِ الْحَقَّ وَاِنْ كَانَ مُرًّا ـ قُلْتُ
زِدْنِىْ ، قَالَ عَلَيْكَ بِالْجِهَادِ فَاِنَّهٗ رُهْبَانِيَّةُ
الْمُسْلِمِيْنَ ـ قُلْتُ زِدْنِىْ ، قَالَ اَحِبَّ الْمَسَاكِيْنَ
وَجَالِسْهُمْ ـ قُلْتُ زِدْنِىْ ، قَالَ: لاَ تَخَفْ فِى اللّٰهِ
لَوْمَةَ لاَئِمٍ ـ قُلْتُ زِدْنِىْ قَالَ: لِيَرُدَّكَ عَنِ
النَّاسِ مَا تَعْلَمُ مِنْ نَّفْسِكَ ثُمَّ ضَرَبَ بِيَدِهٖ
صَدْرِىْ فَقَالَ: يَا اَبَا ذَرٍّ لاَ عَقْلَ كَالتَّدْبِيْرِ وَلاَ
وَرَعَ كَالْكَفِّ وَلاَ حَسَبَ كَحُسْنِ الْخُلُقِ ـ

২১২. আবু যর (রা) বলেনঃ আমি নিবেদন করলাম, ওগো আল্লাহর রসূল আমাকে উপদেশ দিন।

তিনি বললেনঃ আমি তোমাকে উপদেশ দিচ্ছি আল্লাহকে ভয় করবার। কারণ এটাই তোমার সমস্ত কাজকে সৌন্দর্য দান করবে।

আমি বললাম, আমাকে আরো উপদেশ দিন।

তিনি বললেনঃ কুরআন পাঠ এবং আল্লাহর স্মরণ ও তাঁর বিষয়ে আলোচনাকে নিজের কর্তব্য কাজ বানিয়ে নাও। এতে আকাশে তোমায়

www.pathagar.com

নিয়ে আলোচনা হবে আর এটা পৃথিবীতে তোমার পথের আলো হবে।
আমি বললাম, আমাকে আরো উপদেশ দিন।
তিনি বললেনঃ বেশী সময় নীরব থাকবে, কম কথা বলবে। এটা শয়তানকে তাড়াবার হাতিয়ার হবে এবং তোমার দীনের কাজের সহায়ক হবে।
আমি আরয করলাম, আমাকে আরো উপদেশ দিন।
তিনি বললেনঃ বেশী হাসাহাসি করোনা। কারণ অধিক হাসাহাসিতে অন্তর মরে যায় এবং চেহারার জ্যোতি কমে যায়।
আমি বললাম, আমাকে আরো আদেশ দিন।
তিনি বললেনঃ তিক্ত হলেও সত্য কথা বলবে।
আমি নিবেদন করলাম, আমাক আরো উপদেশ দিন।
তিনি বললেনঃ ইসলামী আন্দোলন (জিহাদ) করাকে নিজের কর্তব্য বানিয়ে নাও। কারণ এটাই মুসলমানদের বৈরাগ্য।
আমি বললাম, আমাকে আরো কিছু বলুন।
তিনি বললেনঃ দরিদ্র লোকদের ভালোবাসবে এবং তাদের সাথে উঠাবসা করবে।
আমি বললাম, আমাকে আরো উপদেশ দিন।
তিনি বললেনঃ তোমার নিজের মধ্যে যেসব দোষ ত্রুটি আছে, সেগুলোর দিকে তাকাও। অন্যের মধ্যে যে দোষ ত্রুটি আছে তা খুঁজে বেড়ানো এবং বলে বেড়ানো থেকে বিরত থাকো।
অতপর তিনি আমার বুকে হাত মেরে বললেন, আবু যর! কর্মকৌশল ও কর্মপ্রচেষ্টার চাইতে বড় বুদ্ধিমত্তা আর নেই। হারাম ও নিষিদ্ধ কাজ থেকে বিরত থাকার চেয়ে বড় বীরত্ব কিছু নেই। আর সুন্দর ব্যবহারের চাইতে বড় কোনো ভদ্রতা নেই। [ইবনে হিব্বান]

www.pathagar.com

## সঠিক পথে চলো

أَمَرَنِي رَبِّي بِتِسْعٍ (١) خَشْيَةُ اللّٰهِ فِي السِّرِّ وَالْعَلَانِيَةِ (٢) وَكَلِمَةُ الْعَدْلِ فِي الْغَضَبِ وَالرِّضَا (٣) وَالْقَصْدِ فِي الْفَقْرِ وَالْغِنٰى (٤) وَأَنْ أَصِلَ مَنْ قَطَعَنِي (٥) وَأُعْطِي مَنْ حَرَمَنِي (٦) وَأَعْفُوَ عَمَّنْ ظَلَمَنِي (٧) وَأَنْ يَكُوْنَ صَمْتِي فِكْرًا (٨) وَنُطْقِي ذِكْرًا (٩) وَنَظَرِي عِبْرَةً وَآمُرُ بِالْمَعْرُوْفِ وَأَنْهٰى عَنِ الْمُنْكَرِ.

২১৩. আমার প্রভু আমাকে নয়টি নির্দেশ দিয়েছেন। সেগুলো হলোঃ ১. গোপনে ও প্রকাশ্যে আল্লাহকে ভয় করতে, ২. সন্তুষ্টি এবং অসন্তুষ্টি উভয় অবস্থাতে ন্যায় কথা বলতে, ৩. দারিদ্র ও প্রাচুর্য উভয় অবস্থাতে মধ্যপন্থা অবলম্বন করতে, ৪. যে আমার সাথে সম্পর্ক ছিন্ন করে, তার সাথে সম্পর্ক জুড়তে, ৫. যে আমাকে বঞ্চিত করে, তাকে দান করতে, ৬. যে আমার প্রতি অবিচার করে, তাকে ক্ষমা করে দিতে, ৭. আমার নীরবতা যেনো চিন্তা গবেষণায় কাটে, ৮. আমার কথাবার্তা যেনো হয় উপদেশমূলক, ৯. আমার প্রতিটি দৃষ্টি যেনো হয় শিক্ষা গ্রহণকারী।

এ ছাড়াও আমার প্রভু আমাকে আরো দুটি গুরুত্বপূর্ণ নির্দেশ দিয়েছেন। সেগুলো হলোঃ ১. আমি যেনো ভালো কাজের আদেশ করি এবং ২. মন্দ কাজ থেকে নিষেধ করি। (সহীহ্ বুখারী)

www.pathagar.com

www.pathagar.com

www.pathagar.com

# আবদুস শহীদ নাসিম

## লিখিত ও অনূদিত কয়েকটি বই

### মৌলিক রচনা

আল কুরআন: সহজ বাংলা অনুবাদ
আল কুরআন: সহজ বাংলা ও ইংরেজি অনুবাদ
কুরআন পড়বেন কেন কিভাবে?
কুরআনের সাথে পথ চলা
আল কুরআন আত্ তাফসির
কুরআন বুঝার পথ ও পাথেয়
কুরআন বুঝার প্রথম পাঠ
আল কুরআন: বিশ্বের সেরা বিস্ময়
আল কুরআন কি ও কেন?
জানার জন্যে কুরআন মানার জন্যে কুরআন
আল কুরআনের প্রতি সম্মান প্রদর্শনের উপায়
Ways to Pay Homage to Al Quran
আল কুরআনের দু'আ
কুরআন ও পরিবার
হাদিসে রসূল সুন্নতে রসূল
সিহাহ সিত্তার হাদিসে কুদসি
হাদিসে রসূলে তাওহীদ রিসালাত আখিরাত
উম্মুস সুন্নাহ হাদিসে জিবরিল
বিশ্বনবীর শ্রেষ্ঠ জীবন
আদর্শ নেতা মুহাম্মদ রসূলুল্লাহ সা.
নবীদের সংগ্রামী জীবন
বিশ্ব নবীর চুক্তি ও ভাষণ
ঈমানের পরিচয়
ঈমান ও আমলে সালেহ
ইসলাম পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা
আসুন আমরা মুসলিম হই
মুক্তির পথ ইসলাম
নামাযের সহীহ পদ্ধতি
মৃত্যু ও মৃত্যু পরবর্তী জীবন
ইসলাম ও মানবতা
ইসলামের পারিবারিক জীবন
শিক্ষা সাহিত্য সংস্কৃতি
গুনাহ তাওবা ক্ষমা
তাকওয়া
পবিত্র জীবন
মুসলিম পুরুষ ও নারীর পোষাক
নফস কলব হাওয়া
আপনার প্রচেষ্টার লক্ষ্য দুনিয়া না আখিরাত?
মুসলিম সমাজে প্রচলিত ১০১ ভুল
সামাজিক মূল্যবোধ ও নৈতিক ভিত্তি
ইসলামে জ্ঞান চর্চা
মানুষের চিরশত্রু শয়তান
যিকির দোয়া ইস্তেগফার
কুরআনে আঁকা জান্নাতের ছবি
কুরআনে জাহান্নামের দৃশ্য
কুরআনে হাশর ও বিচারের দৃশ্য
শাফায়াত
কুরআন হাদিসের আলোকে শিক্ষা ও জ্ঞান চর্চা
ইসলামি অর্থনীতিতে উপার্জন ও ব্যয়ের নীতিমালা
ইসলামী সমাজ নির্মাণে নারীর কাজ
ইসলামি শরিয়া: কি? কেন? কিভাবে?
ইসলাম সম্পর্কে অভিযোগ আপত্তি: কারণ ও প্রতিকার
ঈদুল ফিতর ঈদুল আযহা
যাকাত সাওম ইতিকাফ
জানতে চাই
জীবন যৌবন সাফল্য
ঈমানের পরিচয়
মানব সৃষ্টির সূচনা ও হযরত আদম আ.
হাজার বছরের সংগ্রামী নবী হযরত নূহ আ.
কাবা নির্মাতা হযরত ইবরাহিম আ.
মিশর শাসক হযরত ইউসুফ আ.
প্রিয় নবী ঈসা ইবনে মরিয়ম আ.
চাই প্রিয় ব্যক্তিত্ব চাই প্রিয় নেতৃত্ব
কুরআন ও রমযান
সিয়াম: সিয়ামের প্রস্তুতি ও মাসায়েল
রমযানের শিক্ষায় সুন্দর জীবন গড়ার উপায়
মুমিনের জীবনে শোকর ও সবর
সন্তানের সুন্দর জীবন গঠনে পিতা মাতার ভূমিকা
মানব কল্যাণের ধর্ম ইসলাম
সুন্দর চরিত্র
সবরের পথ
শাহাদাত
বাংলাদেশে ইসলামী শিক্ষানীতির রূপরেখা
কুরআনের আলো
হাদিসের আলো
সীরাতুন্নবী মুহাম্মদ সা.
সুখের সন্ধানে
বিপ্লব হে বিপ্লব (কাব্যগ্রন্থ)

### কিশোরদের জন্যে লেখা বই

কুরআন পড়ো জীবন গড়ো
হাদিস পড়ো জীবন গড়ো
সবার আগে নিজেকে গড়ো
এসো জানি নবীর বাণী
এসো এক আল্লাহর দাসত্ব করি
এসো চলি আল্লাহর পথে
এসো নামায পড়ি
সুন্দর বলুন সুন্দর লিখুন
উঠো সবে ফুটে ফুল (ছড়া)
মাতৃছায়ার বাংলাদেশ (ছড়া)
বসন্তের দাগ (গল্প)

### অনূদিত কয়েকটি বই

আল্লাহর রসূল কিভাবে নামায পড়তেন?
রসূলুল্লাহর নামায
যাদে রাহ
এন্তেখাবে হাদিস
মানবতার বন্ধু মুহাম্মদ রসূলুল্লাহ সা.
ইসলাম আপনার কাছে কি চায়?
মহিলাদের রোযা ও ই'তেকাফ
মহিলাদের হজ্জ ও উমরা
মহিলা ফিক্হ ১ম ও ২য় খণ্ড
ফিক্হুস সুন্নাহ ১ম ৩য় খণ্ড
ইসলামের জীবন চিত্র
মতবিরোধপূর্ণ বিষয়ে সঠিকপন্থা অবলম্বনের উপায়
ইসলামী নেতৃত্বের গুণাবলী
রসূলুল্লাহর বিচার ব্যবস্থা
দাওয়াতে ইলাল্লাহ দা'য়ী ইলাল্লাহ
নারী অধিকার বিভ্রান্তি ও ইসলাম

এছাড়াও আরো অনেক বই

যোগাযোগ
ফোন: ০১৭৪৫২৮২৩৮৬, ০১৭৫৩৪২২২৯৬